গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ী, দিনাজপুর।
www.dae.dianjpur.gov.bd

# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর এর ফেব্রুয়ারি, ২০২০ মাসের বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ তৌহিদুল ইকবাল
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ি, দিনাজপুর।
স্থান ঃ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ি, দিনাজপুরের প্রশিক্ষণ কক্ষ-২।
তারিখ ঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভায় সদস্যগণের উপস্থিতি স্বাক্ষরের ক্রমানুসারে রেজিষ্টারে সংরক্ষিত রয়েছে।**

বিভাগীয় মাসিক সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় সদস্য সচিব (ভারপাপ্ত) জনাব মোঃ শামীম, অতিরিক্ত উপপরিচাল(শস্য), কৃষি সম্প্রসারণ অফিসার, দিনাজপুর গত ২৬ জানুয়ারি ২০২০ তারিখের সভার কার্যবিরবনী পাঠ করেন; কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অত:পর সদস্য সচিব (ভারপ্রাপ্ত) সভাপতির সম্মতিক্রমে সভার আলোচ্য সূচি উপস্থাপন করেন। সভায় নিম্লোক্ত বিষয়াবলীর উপর আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। রবি, ২০১৯-২০ মৌসুমে ফসলের বর্তমান পরিস্থিতি | মাসিক বিভাগীয় সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দিনাজপুর সভায় জানান, দিনাজপুর জেলার রবি, ২০১৯-২০ মৌসুমের ফসল সমূহের মধ্যে বোরো ধান ফসল অন্যতম ফসল হিসেবে বিবেচিত হয়। চলতি বছর ১৪,৪৪৫ হেক্টর হাইব্রিড, ১,৫৬,৭৭৫ হেক্টর উফশী মিলে সর্বমোট ১,৭১,২২০ হেক্টর জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা গৃহীত হয়েছে। এ পর্যন্ত ১,৩৭,৮২৩ (৮০%) হেক্টর জমিতে বোরো চারা রোপন করা হয়েছে। সভায় আরো জানানো হয়, বোরো ধানে রোগ-বালাই আক্রমনের আশংকা থাকে। তাই এ সকল রোগবালাই হতে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা একান্ত জরুরী ।<br><br>জনাব মোঃ শামীম, অতিরিক্ত উপপরিচালক (শস্য), ডিএই, দিনাজপুর সভায় রবি, ২০১৯-২০ মৌসুমের বর্তমান মাঠ পরিস্থিতি সমন্ধে জানতে চাইলে উপজেলা কৃষি অফিসারগণ মাঠের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক বলে জানান।<br><br>এছাড়াও সভায় বিভিন্ন উদ্যান ফসলের পরিচর্যা ও লিচু বাগানে মৌমাছি পালনের ওপর বিস্তারিত আলোচনা করা হয়। | ১) বোরো আবাদ নির্বিঘ্ন করতে জমিতে লাইনে চারা রোপনের কর্মপরিকল্পনাকে সামাজিক আন্দোলনের রুপ দেয়ার পদক্ষেপ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সম্ভাব্য বালাই আক্রমণ প্রতিরোধে মাঠে সতর্ক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>৩) একাধারে লিচুর উৎপাদন বৃদ্ধি ও মধু উৎপাদনের জন্য বাগানসমূহে মৌ বাক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা কৃষি অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা।<br><br>২) জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, দিনাজপুর। |
| ২। বাস্তবায়নাধীন বিভিন্ন ফসলের বর্তমান পরিস্থিতি | সদস্য সচিব(ভারপ্রাপ্ত) জনাব মোঃ শামীম, এডিডি(শস্য), ডিএই, দিনাজপুর উপজেলা কৃষি অফিসারগণের নিকট হতে উপজেলায় বাস্তবায়নাধীন প্রকল্প এবং কর্মসূচির হালনাগাদ তথ্য জানতে চাইলে তাঁরা সভায় জানান, কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মশলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্পের মাঠ দিবস ও রিভিউ ডিসকাশন সফলভাবে বাস্তবায়ন করা হচ্ছে। অন্যদিকে এনএটিপি ২ প্রকল্পের সিআইজি কৃষক প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়াও কৃষক পর্যায়ে আধুনিক | ১) সকল প্রকল্প সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের বিভিন্ন কর্মসূচী যেমন-মাঠ দিবস, প্রশিক্ষণ ও এক্সপোজার ভিজিট/ মোটিভ্যেশনাল ট্যুর বাস্তবায়নের ৭ (সাত) কর্মদিবস পূর্বেই অত্র দপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের প্রদর্শনী | ১) উপজেলা কৃষি অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা।<br>২) জেলা পর্যায়ের সকল কর্মকর্তা। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | প্রযুক্তির মাধ্যমে ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের প্রশিক্ষণ সেশন পরিচালনা করা হচ্ছে।<br>সভায় দিনাজপুর জেলায় বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নের কৌশলগত দিকসমূহ আলোকপাত করা হয় ও ভবিষ্যত কর্মপরিকল্পনা গৃহীত হয়। | যথাযথ মনিটরিং করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩। সার ও ডিজেল পরিস্থিতি মনিটরিং | চলমান মৌসুমে বোরো চাষাবাদ নির্বিঘ্ন করতে ইউরিয়া সার সহ নন-ইউরিয়া সার ও ডিজেলের সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখা একটি গুরুত্বপুর্ন বিষয়। সভায় সার ও ডিজেল পরিস্থিতি সর্ম্পকে জানতে চাওয়া হলে উপজেলা কৃষি অফিসারগণ জানান, ডাই এমোনিয়াম ফসফেট ডিএপি সারের মূল্য তুলনামূলক কম হওয়ায় কৃষকরা টিএসপি সারের পরিবর্তে ডিএপি সার ক্রয়ের দিক ঝুঁকছেন। তবে কৃষক পর্যায়ে সার ও জ্বালানি তেলের কোন ঘাটতি নেই মর্মে তাঁরা সভাকে জ্ঞাত করেন।<br>সভায় জানানো হয়, সারের দৈনিক প্রতিবেদন পাওয়া গেলেও কিছু উপজেলা কৃষি অফিস থেকে বরাদ্দ বহির্ভূত সারের প্রতিবেদন নিয়মিত পাওয়া যায় না। যার দরুন জেলা কার্যালয় হতে বরাদ্দ বিভাজনের প্রাক্কলন করতে অসুবিধার সম্মুখিন হতে যায়। সভায় উপজেলা কৃষি অফিসার, নবাবগঞ্জ, কাহারোল ও চিরিরবন্দর দিনাজপুর জানান ডিএপি সারের চাহিদা তুলনামূলক বেশি। এ বিষয়ে সভায় তাঁরা যৌক্তিকতা উপস্থাপন করেন।<br>সভায় সার পরিস্থিতি মনিটরিং নিবিড় করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) সার ও ডিজেলের নিরবিচ্ছিন্ন সরবরাহের জন্য মনিটরিং নিবিড় করতে সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ করা হয় এবং সারের সন্দেহভাজন নমুনা পরিক্ষার জন্য ল্যাবে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সারের দোকানের সামনে দৃশ্যমান জায়গায় মূল্য তালিকা ঝুলানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) নবাবগঞ্জ, কাহারোল ও চিরিরবন্দর উপজেলাসমূহে ডিএপি সারের বরাদ্দ পূর্বের তুলনায় চাহিদা মাফিক বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর।<br>২) জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, অত্র দপ্তর।<br>৩) সংশ্লিষ্ট শাখা, অত্র দপ্তর। |
| ৪। বিভাগীয় সম্পত্তি রক্ষাণাবেক্ষণ | বিভাগীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণে সর্বোচ্চ গুরুত্ব প্রদান বিষয়ে আলোচনা হয়। সভাপতি এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর বলেন বিভাগীয় সম্পত্তি যাতে করে বেদখল না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। সভায় জানানো হয়, বিভাগীয় সম্পত্তির সীমানা প্রাচীর না থাকায় অসাধু ব্যক্তি কর্তৃক সেগুলো দখলের প্রবনতা দেখা যায়। সভায় সীমানা প্রাচীর নির্মাণের মাধ্যমে বিভাগীয় ঝুঁকিপূর্ন সম্পত্তিগুলো সুরক্ষায় আর্থিক বরাদ্দ প্রদানের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হয়।<br>এছাড়াও সভায় প্রতিমাসের বিভাগীয় সম্পত্তির হালনাগাদ প্রতিবেদন প্রেরণের বিষয়টি সভায় আলোচনা করা হয়। | ১) সীমানা প্রাচীর বিনির্মাণের মাধ্যমে বিভাগীয় ঝুঁকিপূর্ণ সম্পত্তিগুলো সুরক্ষায় আর্থিক বরাদ্দ প্রদানের জন্য পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>২) সভায় প্রতিমাসের বিভাগীয় সম্পত্তির হালনাগাদ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।<br>২) উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর ও গুদাম রক্ষক, অত্র দপ্তর। |
| ৫। কৃষি বাতায়নে তথ্য আপলোডকরণ | সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর জানান, ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে কৃষি বাতায়ন একটি যুগোপযোগী উদ্যোগ। তাই কৃষি বাতায়নে কৃষক তথ্য আপলোডকরণ প্রক্রিয়া বেগবান করার নিমিত্ত আন্তরিকতার সাথে কাজ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | কৃষি বাতায়নে কৃষক তথ্য আপলোডের কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর। |
| **৬। মুজিব বর্ষ** ঃ কৃষি মেলা ও কৃষি উৎসব বাস্তবায়ন | সভায় জানানো হয়, রংপুর বিভাগ কৃষি ও গ্রামীন উন্নয়ন প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে একটি কৃষি মেলা ও কৃষি উৎসব আয়োজনের আর্থিক সংস্থান রয়েছে। যা মুজিব বর্ষ ২০২০ এ বাস্তবায়ন করা হবে। কৃষি মেলা ও উৎসবটি উপজেলা পরিষদ প্রাঙ্গণ, দিনাজপুর সদর, দিনাজপুর এ অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় কৃষি সংশ্লিষ্ট সকল সরকারী দপ্তর যেমন- উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর, উপজেলা মৎস্য অফিস, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, বিএডিসি, হর্টিকালচার সেন্টার দিনাজপুর, বনবিভাগ দিনাজপুর, এসআরডিআই ও | ১) কৃষি মেলা ও কৃষি উৎসব বড় পরিসরে সফল বাস্তবায়নের জন্য কৃষি সংশ্লিষ্ট সকল সরকারী দপ্তর যেমন- উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর, উপজেলা মৎস্য অফিস, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, বিএআরআই, বিএডিসি, হর্টিকালচার সেন্টার দিনাজপুর, বনবিভাগ দিনাজপুর, এসআরডিআই ও | ১। উপজেলা কৃষি অফিসার সদর, দিনাজপুর।<br>২। সংশ্লিষ্ট বিভাগ, দিনাজপুর। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বিজেআরআই এবং বিভিন্ন এনজিও সম্পৃক্তকরণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়। কৃষি মেলা ও কৃষি উৎসব বড় পরিসরে সফল বাস্তবায়নের জন্য কৃষি সংশ্লিষ্ট সকল সরকারী ও এনজিওকে সম্পৃক্তকরণে সকল সদস্য একমত পোষণ করেন এবং এতদবিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজেআরআই ও বিভিন্ন এনজিও সম্পৃক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) উপজেলা কৃষি অফিসার, সদর, দিনাজপুর সকল বিভাগীয় প্রধানগণের সাথে আন্ত:যোগাযোগের মাধ্যেমে মেলা বাস্তবায়নের দায়িত্ব পালন করবেন। | |
| ৭। বিবিধ | **নিরাপদ সবজির আউটলেট/স্টল নির্মাণ :** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর সভায় জানান, নিরাপদ খাদ্য উৎপাদন ও বিপণনে তার দপ্তর কাজ করে যাচ্ছে। এতদপ্রেক্ষিতে মুজিব বর্ষের ব্যাপক কর্মসূচির একাংশ হিসেবে নিরাপদ সবজি স্টল স্থাপন করতে যাচ্ছে। ভোক্তা পর্যায়ে নিরাপদ শাক-সবজি সমাদৃত করতেই এ কার্যালয়ের সামনে আসন্ন রমজান মাসে মাসব্যাপী আউটলেট/স্টল স্থাপন করে কৃষক উৎপাদিত নিরাপদ শাক-সবজি বিপণন করার পরিকল্পনা গ্রহণ করেছে। এক্ষেত্রে প্রত্যেক উপজেলা হতে কৃষক উৎপাদিত নিরাপদ শাক-সবজি প্রেরণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১) ভোক্তা পর্যায়ে নিরাপদ শাক-সবজি সমাদৃত করতে অত্র কার্যালয়ের সামনে আসন্ন রমজান মাসে মাসব্যাপী আউটলেট/স্টল স্থাপন করে কৃষক উৎপাদিত নিরাপদ শাক-সবজি বিপণন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।<br>২) অতিরিক্ত উপপরিচালক (উদ্যান), অত্র দপ্তর এবং উপজেলা কৃষি অফিসার, সদর, দিনাজপুর নিরাপদ শাক-সবজি বিপণন আউটলেট/স্টল বাস্তবায়নের দায়িত্ব পালন করবেন। | ১) অতিরিক্ত উপপরিচালক (উদ্যান), অত্র দপ্তর<br>২) উপজেলা কৃষি অফিসার, সদর, দিনাজপুর<br>৩) উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর। |
| | **আউশ প্রণোদনার বীজ সরবরাহ :** সভায় জানানো হয়, দিনাজপুর জেলায় আসন্ন খরিপ-১ মৌসুমে ক্ষুদ্র ও মাঝারি কৃষকদের মাঝে বিতরণের জন্য প্রণোদনা কার্যক্রম হিসেবে আউশ বীজ সহায়তা দেয়া হবে। সভায় জানানো হয়, যেহেতু ব্রিধান ৪৮ কৃষক পর্যায়ে একটি সমাদৃত জাত এবং বীজের জাত বরাদ্দের বিষয়টি কেন্দ্রীয়ভাবে নির্ধারন করা হয়। তাই দিনাজপুর জেলার জন্য বরাদ্দের শতভাগ বীজ ব্রিধান ৪৮ জাতের দেয়ার জন্য পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১) দিনাজপুর জেলার আউশ আবাদের প্রণোদনায় বরাদ্দের শতভাগ বীজ ব্রিধান ৪৮ সরবরাহ দেয়ার জন্য পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১) উপজেলা কৃষি অফিসার, সকল দিনাজপুর।<br>২) সংশ্লিষ্ট শাখা, অত্র দপ্তর। |
| | মাসিক বিভাগীয় সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দিনাজপুর সভায় নিম্নোক্ত নির্দেশনা সমূহ প্রদান করেন:<br>◗ আগামী ১৫ মার্চ, ২০২০ এর মধ্যে প্রণোদনার ব্যয়উত্তর সমন্বয় বিবরণী দাখিল করতে হবে।<br>◗ নার্সারি রেজিস্ট্রেশনের জন্য সংশ্লিষ্ট নার্সারিকে তাগাদা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক মোবাইল কোর্ট এর ব্যবস্থা করতে হবে।<br>◗ কীটনাশক দোকান মনিটরিং অব্যাহত রাখতে হবে। কোন অনিয়ম বা ভেজাল কীটনাশক পাওয়া গেলে বিধি মোতাবেক মোবাইল কোর্ট এর ব্যবস্থা করতে হবে। | বিভাগীয় মাসিক সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)।<br>২) উপজেলা কৃষি অফিসার (সকল), দিনাজপুর<br>৩) কৃষি সম্প্রসারণ অফিসার (সকল), দিনাজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

[signature] /2020

(মোঃ তৌহিদুল ইকবাল)
সভাপতি
বিভাগীয় মাসিক সভা
ও
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর।

/2020

E:\Departmental Meeting Regualation\February. 2020.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, দিনাজপুর।
http://dae.dinajpur.gov.bd

স্মারক নং-১২.১৭.২৭০০.০৪১.০৬.০৭০.১৩/ ৫১১৫(৩০) তারিখঃ- ৩/০৩/২০২০ খ্রিঃ।

অনুলিপি ঃ

১। জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, অত্র দপ্তর।
২-৪। অতিরিক্ত উপপরিচালক (শস্য/পিপি/উদ্যান), অত্র দপ্তর।
৫। কৃষি প্রকৌশলী, অত্র দপ্তর।
৬-১৯। উপজেলা কৃষি অফিসার (সকল), ..........................................................দিনাজপুর।
২০-২৪। জনাব ..................................................., এসএও উন্নয়ন শাখা, অত্র দপ্তর।
২৫। প্রধান সহকারী (ভারপ্রাপ্ত), অত্র দপ্তর।
২৬। গুদামরক্ষক, অত্র দপ্তর।

অনুলিপি সদয় অবগতি/সদয় কার্যার্থে -

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, অর্থ ও প্রশাসন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
৪। কর্মসূচি পরিচালক, কৃষি বাতায়নে কৃষক তথ্য সন্নিবেশ কর্মসূচী, খামারবাড়ী, ঢাকা।

(স্বাক্ষর) ৩/৩/২০২০
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর।
(স্বাক্ষর) ৩/৩/২০২০

E:\Departmental Meeting Regualation\February. 2020.docx